

নারী শিক্ষা

এসএম নাজমুল হক ইমন

শিক্ষা নারী-পুরুষ উভয়ের প্রয়োজন। অনেকেই বলেন, নারী জাতির শিক্ষার প্রয়োজন নেই। আমাদের দেশে বর্তমানে মেয়েদের শিক্ষার প্রয়োজন অপরিসীম। যে পরিবারে স্ত্রী অশিক্ষিত সেই পরিবারে শিক্ষার আলো সহজে প্রবেশ করতে পারে না। আমাদের দেশের বেশির ভাগ জনসাধারণই অশিক্ষিত। এর জন্য নারী জাতির অশিক্ষা অনেকাংশে দায়ী। দেশের শিক্ষার মান বাড়ানোর জন্য আমাদের নারীদের এগিয়ে আসতে হবে। যে পরিবারে গৃহিণী শিক্ষিত তিনি সকাল সন্ধ্যায় ছেলেমেয়েদের শিক্ষায় সহযোগিতা করতে পারেন।

শিতলা ছোট বেলায় 'যে শিক্ষা গ্রহণ করে তাই চিরস্থায়ী হয়। কিন্তু গ্রামের অশিক্ষিত মার কাছে শৈশবের শিক্ষাটা পায় না। অশিক্ষিত মায়েরা অনেক সময় শিক্ষার মূল্য বুঝতে পারে না। দেশের শিক্ষার হার বৃদ্ধি করতে হলে নারী জাতির মধ্যে শিক্ষার আলোককে সর্বশ্রেণে ব্যাপকভাবে প্রসারিত করতে হবে। তাই বলে আমি পুরুষদের অশিক্ষিত রাখতে বলছি না। একটি পরিবারে 'স্বামী-স্ত্রী উভয়ে শিক্ষিত না হলে সংসার

কর্মে ব্যাঘাত ঘটে। তাই অধিকাংশ পরিবার নানাবিধ সমস্যায় জর্জরিত। এই আত সমাধানের জন্য নারী শিক্ষার বিপ্লব ঘটাতে হবে। তাই কবির ভাষায়-

'যে নারী তুমি সৃষ্টি হিঁতি, তুমি প্রলয়ঙ্করী,
 তুমি আদিমাতা বিবি হাওয়া; যিত মাতা মরিয়ম
 তুমি লক্ষী, রক্ত ঘরগী শিবাণী;

অত্যন্ত দুঃখের বিষয় যে, এ যুগেও আমাদের দেশে নারীরা উচ্চ শিক্ষা লাভ সম্পর্কে অনেকেই সচেতন বোধ করে। তারা শুধু বিবাহ অনুষ্ঠান পাড়ি দেয়ার জন্য নারী শিক্ষার প্রয়োজন মনে করে। কিন্তু তাদের এ ধারণা সঠিক নয়। বিশ্বের উন্নত

দেশগুলোতে উপযুক্ত শিক্ষাগ্রহণ করে পুরুষের পাশাপাশি নারীরাও গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে। আমাদের মতো অনুন্নত দেশে নারীদের অসহায় অবস্থা দেশ ও জাতির জন্য পুরুষের মতো নারীকেও শিক্ষা দীক্ষায় শিক্ষিত হতে। তা ছাড়া দেশ ও জাতির উন্নতি সুদূর পরাহত।

আজ নারী জাগরণের দিন এসেছে। বেগম রোকেয়া যেমন নারী জাতিকে উদ্দেশ্য করে বলেছিলেন, 'বহু নারী আগে আর ঘুমিয়ে না।' এখন সেই বেগম রোকেয়ার ডাকে সাড়া দিয়ে আমাদের নারী সমাজকে জাগাতে হবে। আমাদের এখন শিক্ষা



ব্যবস্থা নির্ধারণ করতে হবে যা নারীর জীবন কর্মধারার সঙ্গে সংযুক্ত বিষয়গুলোর ওপরে বিশেষভাবে গুরুত্বারোপ করবে এবং যে শিক্ষা নারীকে বিন্দুশী ও কল্যাণমুখী রূপে গড়ে তুলবে।

বর্তমানে যখন নারী-পুরুষের সমানাধিকার ঘোষণা করা হয়েছে তখন আসুন বাংলাদেশের যা উন্নীরা ভ্রান্ত সংস্কার জ্বলে গিয়ে শিক্ষিত হয়ে আমাদের জাতিকে বিশ্বের বুকে একটি স্থূলের মতো ফুটিয়ে তুলি। সর্বদা আমাদের কবি কাজী নজরুলের কথা মনে রাখতে হবে-

'বিশ্ব যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর
 অর্ধেক তার গড়িয়াছে নারী অর্ধেক আর নয়।'